# সভা নং-১৫

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৫ খ্রিঃ আগস্ট মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মাহমুদা জাহান<br>প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| সভার তারিখ | ঃ | ২৮/০৮/২০২৫খ্রিঃ সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যদের তালিকা | ঃ | পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অত:পর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১.</td><td>স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে,বর্তমানে চিকনগুনিয়া ও ডেঙ্গুজ্বর মারাত্মক হারে বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে সবাইকে সচেতন হতে হবে, মাস্ক ও সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে হবে। তাছাড়া বাড়ির পাশে পানি থাকলে ছোট বাচ্চাদের বিষয়ে নজরদারী করতে হবে। এছাড়াও হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td></td><td>উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা</td></tr>
<tr><td>০২.</td><td>কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, উপজেলার বিভিন্ন জায়গায় জলাবদ্ধতার জন্য আমন ধানের রোপন কার্যক্রম ধীরগতিতে আগাচ্ছে। এজন্য জলাবদ্ধতা নিরসন এবং খাল পুন:উদ্ধারের কার্যক্রম ত্বরানিত করার জন্য উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিগণের সহযোগিতা কামনা করছি। ড্রেজার বন্ধে সবাইকে একযোগে কাজ করার আশা ব্যক্ত করছি। উপজেলার সার ও বীজের মজুদ সন্তোষজনক। উপজেলার কৃষির সার্বিক অবস্থা সন্তোষজনক এবং কাজকর্ম স্বাভাবিক আছে।</td><td></td><td>উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া</td></tr>
<tr><td>০৩.</td><td colspan="2">উপজেলা প্রকৌশল বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২৫-২০২৬ ইং অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের জন্য নিম্নলিখিত স্কীম সমূহ নিম্নে উপস্থাপন করা হল:
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>স্কীমের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>০১</td><td>বাগড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে এতিমখানা ও মসজিদের রাস্তায় ওয়াল নিমাণ।</td><td>১০,০০,০০০/-</td></tr>
<tr><td>০২.</td><td>ব্রাহ্মণপাড়া বাজার সড়ক ও জনপথ পূবালী ব্যাংক এর নিকট হতে ব্রাহ্মণপাড়া বাইপাস রোড সংযোগ ভায়া দারুল কুরআন মাদ্রাসা পর্যন্ত সড়ক উন্নয়ন।</td><td>৯,৯৯,৭৫৮/-</td></tr>
<tr><td>০৩.</td><td>ব্রাহ্মণপাড়া দুলালপুর সড়কে উপজেলা গেইটের সম্মুখে ৪টি স্পিড ব্রেকার নির্মাণ এবং ব্রাহ্মণপাড়া পশ্চিমপাড়া মসজিদের সম্মুখে আরসিসি রাস্তা উন্নয়ন।</td><td>৬,০০,০০০/-</td></tr>
<tr><td>০৪.</td><td>সাহেবাবাদ- নগরপাড় সড়কে ব্রীজ মেরামত</td><td>১,০০,০০০/-</td></tr>
<tr><td>০৫.</td><td>নাগাইশ আঃ রাজ্জাক হুজুরের বাড়ী নিকট পুকুরে ঘাটলা মেরামত ও রাস্তায় ড্রেইন ও রাস্তা সলিং করন</td><td>৩,০০,০০০/-</td></tr>
</table>
সিদ্ধান্ত ঃ ক্রমিক ০১ হতে ০৪ পর্যন্ত অনুচ্ছেদে উল্লেখিত স্কীম সমূহ প্রাক্কলন অনুমোদন করা হয়। উপরোক্ত প্রকল্পসমূহ উপজেলা উন্নয়ন তহবিল হতে ক্রমিক ০১ হতে ০৩ পর্যন্ত পর্যন্ত আরএফকিউ এবং ০৪ ও ০৫ নং ক্রমিক পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>
খ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া, কুমিল্লা জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিল ও বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়িত প্রকল্প সমূহ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) হতে প্রকল্প বাছাই কমিটির নিকট তালিকা আগামী ০৭ কর্ম দিবসের জমা প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন।</td><td>উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া</td></tr>
<tr><td>০৪.</td><td>মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে,খাল বিল ভরাট ও ঘুংঘুর নদীতে জলাবদ্ধতার কারণে মৎস্য উৎপাদন ব্যাহত হচ্ছে। বিশেষ করে দেশীয় মাছের প্রজাতি হারিয়ে যাচ্ছে। এ ব্যাপারে খাল বিল পরিস্কার করে স্বাভাবিক প্রবাহ বজায় রাখতে সংশ্লিষ্ট দপ্তরকে আহবান করা যাচ্ছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।</td><td></td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা</td></tr>
<tr><td>০৫.</td><td>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি অফিসে প্রাণি সম্পদের চিকিৎসা সেবা চালু রয়েছে। অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।</td><td></td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা</td></tr>
</table>



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, NTRCA কর্তৃক স্কুল/কলেজ ও মাদ্রাসায় শূন্য পদে শিক্ষক নিয়োগ সম্পন্ন হয়েছে। এখন তাদের নিয়োগ অনুমোদন ও যোগদান কার্যক্রম চলছে। প্রায় ৮০% শূন্য পদ পূরন করা হয়েছে।<br>২০২৬ সালের এস.এস.সি এবং সমমানের পরীক্ষার প্রস্তুতি চলছে।কিছু দিনের মধ্যেই ফরমপুরন শুরু হবে। শিক্ষার্থীদের টাইফয়েডের টিকার নিবন্ধন কার্যক্রম চলছে। নিবন্ধনের হার সন্তোষজনক। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, ব্রাহ্মণপাড়ার সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে আগামী ১৫ সেপ্টেম্বর থেকে ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ম কিস্তির পে রোল প্রেরণ করা হবে। তাই এই সকল ভাতাভোগীকে প্রতারক থেকে সাবধান থাকতে হবে যেন কোনো ওটিপি বা পিন শেয়ার না করে এবং জনপ্রতিনিধিকে এই বিষয়ে প্রচার করার জন্য অনুরোধ করছি। | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলমান মাসে যুব ঋণের দায়ের হার ৮৭.২১% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৩.২৫%। চলমান মাসে খেলাপী আদায়৪৭,১৫০/-টাকা। প্রশিক্ষনের বরাদ্দ না পাওয়ায় প্রশিক্ষনের কার্যক্রম শুরু করা যাচ্ছে না। ২,৩ ব্যাচ প্রশিক্ষনের ব্যাচ প্রস্তুত আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, অফিসের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে।<br>১। চান্দলা ইউনিয়নের বড়ধুশিয়া গ্রামের জনাব মোঃ রুস্তম আলী,পিতা-মৃত মৃত আব্দু ভূইয়া, ডাকঘর-বড়ধুশিয়া, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা গত ১৭/০৮/২০২৫ তারিখে তাঁহার ০১টি বসত ঘর অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হয় মর্মে চেয়ারম্যান চান্দলা ইউনিয়ন পরিষদ হতে পত্র দেয়া হয়। | অনুমোদন করা হয় ও মোঃ রুস্তম আলী ২০,০০০/- টাকা অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ঘরগুলো নির্মাণে আর্থিক সহায়তা করার অনুমোদিত হয়। উপজেলা রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী তালিকা চূড়ান্ত করা হয়েছে। খাদ্য শস্য বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দ্রুত ডিও দেয়া হবে।<br>মা ও শিশু সহায়তা কার্যক্রম :- এ কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দপত্র পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সকল ইউনিয়নকে অবহিত করা হবে। কিশোর কিশোরী ক্লাব :- এ প্রকল্পের আওতায় ০১ জন সঙ্গীত শিক্ষক এবং ০৩ জন আবৃত্তি শিক্ষক সহ মোট ০৪ জন শিক্ষক যোগদান করেছে অত্র কার্যালয়ে। এ ছাড়া অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১২. | **উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৫০৯৭ জনের মধ্যে খাবার বড়ি ১৬৬৭২ জন, কনডম ২৬০৪ জন, ইনজেকশন ৫৯৩৩ জন, আইইডি ১৬৪২জন, ইমপ্লান্ট-৩০৫১৫ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫২৪ জন এবং মহিলা ৩৯৫৫ জন, মোট ৩৪৩৮১ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৬.২৪%। মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৮৩০ জন, চলতি মাসে নতুন গর্ভবতী ১৮৭ জন,গর্ভকালীন ৭৩৭ জন ও গর্ভোত্তর ৪৩৪ জনকে সেবা প্রদান করা হয়েছে। জুলাই/২০২৫ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৪৯ জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থবছরে বিদ্যমান প্রকল্প/কর্মসূচীর আওতায় ৪.১০ কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৪.৩০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায় করা হয় ২৩.৭২ লক্ষ টাকা। বিদ্যমান প্রকল্প/কর্মসূচীর পাশাপাশি নতুন একটি কর্মসূচী পল্লী জীবিকায়ন কর্মসূচী'র কার্যক্রম অত্র উপজেলায় শুরু হতে যাচ্ছে। নতুন কর্মসূচীর কার্যক্রম যথাযথ বাস্তবায়নে উপস্থিতি সকলের সুদৃষ্টি কামনা করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |



CamScanner

# সভা নং-১৬

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৫ খ্রিঃ সেপ্টেম্বর মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মাহমুদা জাহান
প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
সভার তারিখ ঃ ৩০/০৯/২০২৫খ্রিঃ সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
উপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, বর্তমানে চিকনগুনিয়া ও ডেঙ্গুজ্বর মারাত্মক হারে বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে সবাইকে সচেতন হতে হবে, মাস্ক ও সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে হবে। তাছাড়া বাড়ির পাশে পানি থাকলে ছোট বাচ্চাদের বিষয়ে নজরদারী করতে হবে। এছাড়াও হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, উপজেলার বিভিন্ন জায়গায় জলাবদ্ধতার জন্য আমন ধানের রোপন কার্যক্রম ধীরগতিতে আগাচ্ছে। এজন্য জলাবদ্ধতা নিরসন এবং খাল পুনঃউদ্ধারের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিগণের সহযোগিতা কামনা করছি। ড্রেজার বন্ধে সবাইকে একযোগে কাজ করার আশা ব্যক্ত করছি। উপজেলার সার ও বীজের মজুদ সন্তোষজনক। উপজেলার কৃষির সার্বিক অবস্থা সন্তোষজনক এবং কাজকর্ম স্বাভাবিক আছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া |
| ০৩, | উপজেলা প্রকৌশলী বিভাগঃ ২০২৫-২০২৬ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর ১ম কিস্তি বাবদ ২০,৮২,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। সেই মোতাবেক (২০,৮২০০০*৪ কিস্তি)= ৮৩,২৮,০০০/- টাকার ০৮(আট)টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের খাতওয়ারী প্রকল্পের তালিকা প্রেরণের জন্য সিদ্ধান্ত হয়। | ০৮টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ তালিকা প্রেরণের জরুরী ব্যবস্থা নিবেন। | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া |
| | ক.ব্রাহ্মণপাড়া সদর ইউনিয়নে দুলালপুর বাজার হতে ধান্যদৌল বাজর সড়কে ভাঙ্গা মেরামত= ২,০০,০০০/-<br>খ. শশীদল ইউনিয়নে সেনের বাজার- আশাবাড়ী- বাগড়া বাজার সড়কে ভালুক গ্রামে বক্স কালভার্ট মেরামত = ৩,০০,০০০/-<br>গ.২০২৫-২০২৬ইং অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় মালাপাড়া ইউনিয়নে আবদুল মজিদ দেওয়ান কলেজের সামনে গাইড ওয়াল নির্মাণ = ২,০০,০০০/- | ক হতে গ অনুচ্ছেদ আলোচনান্তে উক্ত টাকা উপজেলা উন্নয়ন তহবিল হতে পিআইসি এর মাধ্যমে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ঘ. ওয়ার্ল্ড ব্যাংকের অর্থায়নে B-Strong প্রকল্পের আওতায় ব্রাহ্মনপাড়া উপজেলার নিম্নলিখিত রাস্তাসমূহের প্রশস্ত ও শক্তিশালীকরণের জন্য রাস্তার দুই পাশে গাছ অপসারণ করা প্রয়োজন বিধায় এ বিষয়ে বন কর্মকর্তা, ব্রাহ্মনপাড়া-কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মাসিক সভায় উপস্থাপন হল। | উপজেলা প্রকৌশলী/ সহকারী কমিশনার (ভূমি)/বন কর্মকর্তা, ব্রাহ্মনপাড়া, কুমিল্লা ব্যবস্থা নিবেন। | |

| Road ID | Scheme | Length |
|---|---|---|
| 419152001 | Brahmanpara-Dulalpur GC Road. | 4.34 |
| 419152002 | Dulalpur GC- Jaforganj GC Road. | 1.89 |
| 419152003 | Baradhushia R & H- Dulalpur Bazar GC Rd. | 5.87 |
| 419152006 | Chandla GC-Barashalgar RHD via Shidlao Road(Brahmanpara part) | 5.25 |
| 419153002 | Baradushia Bazar R&H-Shashaidal UP Office Road. | 4.77 |
| 419152007 | Shahebabad GC-Kongsanafar FC via Ramnagar Bazar Road(Bpara part) | 8.56 |
| 419152008 | Dulalpur GC-Dhhainyadul RHD Road. | 1.50 |
| 419153001 | Brahmanpara-Shidlai Bazar via Shidlai UP Office Road. | 7.28 |
| 419153005 | Brahmanpara-Chatiani-Jeroine-Chandipur- Malapara UP Office Road. | 0.62 |
| 419153006 | Chandla UP Office R&H-Darpanarayanpur Kandughor Bazar Road. | 4.52 |
| 419153004 | Mirpur R&H Road-Shidlai Bazar via Madhabpur UP Office Road. | 6.79 |
| 419153007 | Uttar Chandla Bazar R&H Madhabpur Up Office Road. | 3.42 |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলী,এলজিইডি,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা জানান যে,জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখার স্মারক নম্বর-০৫.২০.১৯০০.০০৯.৩৯.০৮.২৫-৭৫৫৪, তারিখ: ১৮/০৮/২০২৫ ইং মূলে ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ি, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুত পূর্বক উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (রাজস্ব তহবিলের স্থিতিসহ) স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করেন। সেই মোতাবেক নিম্নে উল্লেখিত প্রাক্কলন প্রস্তুত পূর্বক সভায় উপস্থাপন করা হলো। | | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |

| ক্রমিক নং | স্কীমের নাম | প্রাক্কলিত মূল্য | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদ ভবন(Outside) এর মেরামত কাজ। | ৮,৯৭,৫৩০.০০ | সর্বমোট=৪৭,৭১,৪৫৩.০০ (সাতচল্লিশ লক্ষ একাত্তর হাজার চারশত তিপ্পান্ন টাকা মাত্র) প্রাক্কলন অনুমোদন করা হয়। উল্লেখিত প্রকল্পসমূহ ২০২৫-২০২৬ অর্থবছরে বাস্তবায়ন করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সদয় অনুমোদনের জন্য প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২ | ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদ ভবন(Ground Floor) এর মেরামত কাজ। | ৯,৯১,৬০৫.০০ | |
| ০৩ | ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদ ভবন(1st Floor) এর মেরামত কাজ। | ৯,৯৬,৬৪৭.০০ | |
| ০৪ | ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদ ভবনের বারান্দাসহ মেরামত কাজ। | ৯,৯৬,৮২৮.০০ | |
| ০৫ | ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদ ভবনে যুব উন্নয়ন অফিসের বাথরুম নির্মাণ, উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান এর কার্যালয়ে ফার্ণিচার সাপ্লাই এর কাজ। | ৮,৮৮,৮৪৩.০০ | |
| | সর্বমোট= | ৪৭,৭১,৪৫৩.০০ | |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | চ. উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা জানান যে, সাহেবাবাদ ইউনিয়নের পুরাতন ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীরের অভ্যন্তরে ০১টি নতুন ভবন হবে যা ডিপিপি কর্তৃক অনুমোদন হয়ে পরবর্তী কার্যক্রমগুলো চলমান রয়েছে। তাই নতুন ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানে ১০(দশ) টি বিভিন্ন প্রজাতির গাছ রয়েছে। যা নিলাম ও অপসারণ জরুরী। এ বিষয়ে পুরাতন মালামাল নিলামে বিক্রয় সংক্রান্ত জেলা কমিটির সভা গত ০৪/০৮/২০২৫ইং তারিখে জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের সভাপতিত্বে গাছের নিলাম ও অপসারণের লক্ষ্যে অনুমোদনের বিষয়ে বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | অনুমোদন করা হয় ও বিধি মোতাবেক প্রয়োজনীয় নিলাম ও অপসারণ কার্যক্রম ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| | ছ.উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি জরাজীর্ণ এবং ব্যবহার অযোগ্য হওয়ায় উপজেলা পরিষদের প্রস্তাবনা অনুযায়ী জেলা কনডেমনেশন কমিটির সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার পত্র মোতাবেক কনডেমেশন ঘোষনার প্রস্তাব অনুমোদনক্রমে বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের অনুমোদন পাওয়া যায়। পরবর্তীতে উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্ত অনুযায়ী ভবন নির্মাণের স্থান নির্ধারন করে সে স্থানের মাটি পরীক্ষার রিপোর্ট,টপোগ্রাফিক্যাল সার্ভে রিপোর্ট ও উপজেলা পরিষদের মাস্টার প্ল্যান এলজিইডি, সদর দপ্তরের ইউনিট- এ প্রেরণ করা হলে এলজিইডি সদর দপ্তর হতে মাটি পরীক্ষার রিপোর্ট অনুযায়ী সি- ক্যাটাগরির ভবন নির্মাণের একখানা ডিজাইন প্রেরণ করেন। সেই মোতাবেক প্রাক্কলিত মূল্য ১,৭১,১৫,৯৮২.০০ (এক কোটি একাত্তর লক্ষ পনের হাজার নয়শত বিরাশি) টাকার প্রাক্কলন প্রস্তুত পূর্বক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | অনুমোদন করা হয় এবং সচিব, স্থানীয় সরকার বিভাগ,বরাবর প্রাক্কলিত মূল্য ও প্রশাসনিক অনুমোদনসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৪. | **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে,খাল বিল ভরাট ও ঘুংঘুর নদীতে জলাবদ্ধতার কারণে মৎস্য উৎপাদন ব্যাহত হচ্ছে। বিশেষ করে দেশীয় মাছের প্রজাতি হারিয়ে যাচ্ছে। এ ব্যাপারে খাল বিল পরিষ্কার করে স্বাভাবিক প্রবাহ বজায় রাখতে সংশ্লিষ্ট দপ্তরকে আহবান করা যাচ্ছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি অফিসে প্রাণি সম্পদের চিকিৎসা সেবা চালু রয়েছে। অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, ২য় প্রান্তিক মূল্যায়ন চলমান রয়েছে। সহকারী শিক্ষদের অনলাইনে আন্ত: উপজেলা বদলী শুরু হয়েছে। আবেদন সময়সীমা ২৯/০৮.২০১৫ হতে ০৬.০৯.২০২৫ তারিখ পর্যন্ত। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, NTRCA কর্তৃক স্কুল/কলেজ ও মাদ্রাসায় শূন্য পদে শিক্ষক নিয়োগ সম্পন্ন হয়েছে। এখন তাদের নিয়োগ অনুমোদন ও যোগদান কার্যক্রম চলছে। প্রায় ৮০% শূন্য পদ পূরন করা হয়েছে। ২০২৬ সালের এস.এস.সি এবং সমমানের পরীক্ষার প্রস্তুতি চলছে।কিছু দিনের মধ্যেই ফরমপুরন শুরু হবে। শিক্ষার্থীদের টাইফয়েডের টিকার নিবন্ধন কার্যক্রম চলছে। নিবন্ধনের হার সন্তোষজনক। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, ব্রাহ্মণপাড়ার সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে আগামী ১৫ সেপ্টেম্বর থেকে ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ম কিস্তির পে রোল প্রেরণ করা হবে। তাই এই সকল ভাতাভোগীকে প্রতারক থেকে সাবধান থাকতে হবে যেন কোনো ওটিপি বা পিন শেয়ার না করে এবং জনপ্রতিনিধিকে এই বিষয়ে প্রচার করার জন্য অনুরোধ করছি। | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলমান মাসে যুব ঋণের দায়ের হার ৮৭.২১% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৩.২৫%। চলমান মাসে খেলাপী আদায়৪৭,১৫০/-টাকা। প্রশিক্ষনের বরাদ্দ না পাওয়ায় প্রশিক্ষনের কার্যক্রম শুরু করা যাচ্ছে না। ২,৩ ব্যাচ প্রশিক্ষনের ব্যাচ প্রস্তুত আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, অফিসের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | |
| | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী তালিকা চূড়ান্ত করা হয়েছে। খাদ্য শস্য বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দ্রুত ভিও দেয়া হবে।<br>মা ও শিশু সহায়তা কার্যক্রম :- এ কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দপত্র পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সকল ইউনিয়নকে অবহিত করা হবে। কিশোর কিশোরী ক্লাব :- এ প্রকল্পের আওতায় ০১ জন সঙ্গীত শিক্ষক এবং ০৩ জন আবৃত্তি শিক্ষক সহ মোট ০৪ জন শিক্ষক যোগদান করেছে অত্র কার্যালয়ে। এ ছাড়া অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৫০৯৭ জনের মধ্যে খাবার বড়ি ১৬৬৭২ জন, কনডম ২৬০৪ জন, ইনজেকশন ৫৯৩৩ জন, আইইডি ১৬৪২জন, ইমপ্লান্ট-৩০৫১৫ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫২৪ জন এবং মহিলা ৩৯৫৫ জন, মোট ৩৪৩৮১ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৬.২৪%। মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৮৩০ জন, চলতি মাসে নতুন গর্ভবতী ১৮৭ জন,গর্ভকালীন ৭৩৭ জন ও গর্ভোত্তর ৪৩৪ জনকে সেবা প্রদান করা হয়েছে। আগস্ট/২০২৫ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৪৯ জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থবছরে বিদ্যমান প্রকল্প/কর্মসূচীর আওতায় ৪.১০ কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৪.৩০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায় করা হয় ২৩.৭২ লক্ষ টাকা। বিদ্যমান প্রকল্প/কর্মসূচীর পাশাপাশি নতুন একটি কর্মসূচী পল্লী জীবিকায়ন কর্মসূচী'র কার্যক্রম অত্র উপজেলায় শুরু হতে যাচ্ছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| . | একটি বাড়ী একটি খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) : উপজেলা পল্লী সঞ্চয় ব্যবস্থাপক সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১৫.১৪ কোটি টাকা, বিতরণ করা হয়েছে ২.১৫ লক্ষ টাকা। আদায়ের লক্ষ্যমাত্রা ১৮.২০ কোটি টাকা আদায় ২.৪০ টাকা। সদস্য ভর্তির লক্ষ্যমাত্রা ৩৩৮ জন ভর্তি হয়েছে ৪৪ জন। সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ৯.১৪ লক্ষ টাকা আদায় হয়েছে ১৫ লক্ষ টাকা। এছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ৫. | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, চান্দলা ও মাধবপুর ইউনিয়নে দুগ্ধ সমবায় সমিতি লিঃ এর ৫০ (পঞ্চাশ) জন সদস্যের মাঝে আগামী মাসে ঋণের চেক বিতরণ করা হবে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভাপতিত্বে ঋণ বিতরণ করা হবে। এছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে,UNICEF Supported Eastern Flood Response-2 প্রকল্পের কাজ প্রায় শেষ হয়েছে তাই সুবিধাগুলো উপকারভোগীদের নিকট হস্তান্তর করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের গভীর নলকূপের কাজ চলমান আছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭. | বন বিভাগ: উপজেলা ফরেস্টার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | ফরেস্টার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ১৮ | পল্লী বিদ্যুৎঃ ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, সরকারি সকল অফিস বাসা বাড়ী ও উপজেলা মডেল মসজিদের বকেয়া সহ সামগ্রিক বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| | | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| ১৯. | বিবিধ আলোচনা ঃ | অনুচ্ছেদ ক, খ,গ, ঘ ও ঙ অনুমোদন করা হয়। উপজেলা রাজস্ব তহবিল হতে ভাউচারের মাধ্যমে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ক. | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা উপজেলা পরিষদের এসি মেরামত, বৈদ্যুতিক তার ক্রয়, সার্কিট ও বৈদ্যুতিক তার ক্রয় বাবদ ২৫,০০০/- টাকার বিল ভাউচার দাখিল করেন। | | |
| খ. | মোঃ কাইয়ুম হোসেন, জীপ চালক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। প্রশাসক, উপজেলা পরিষদ এর জীপ গাড়ীটি পুরাতন হওয়ায়, কয়েক দিন পর পরই সমস্যা দেখা দেয় এবং ইঞ্জিন স্টার্ট বন্ধ হয়ে যায়। জীপ গাড়ীটি সচল রাখার জন্য মেরামত বাবদ ০৩টি ভাউচারের মাধ্যমে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকার বিল ভাউচার দাখিল করেন। | | |
| গ. | মোঃ হুমায়ুন কবির,প্রশাসনিক কর্মকর্তা,উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা উপজেলা পরিষদের স্থাবর সম্পত্তি ১% সাব রেজিষ্ট্রি অফিসে রেজিষ্টার বই প্রকাশনা করে সরবরাহ বাবদ ৫০,০০০/- টাকার বিল ভাউচার দাখিল করেন। | | |
| ঘ. | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা উপজেলা পরিষদের মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনে ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ও মেশিন ক্রয় বাবদ ১,০০,০০০/- টাকার মালামাল ক্রয় প্রয়োজন। | | |
| ঙ. | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদ ও দুর্গাপূজায় বিভিন্ন মন্ডপে সিসি ক্যামেরা মেরামত ও স্থাপন বাবদ ৬০,০০০/- বিল ভাউচার দাখিল করেন। | | |



CamScanner

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.০৯.২০২৫
(মাহমুদা জাহান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০
তারিখ: ৩০/০৯/২০২৫খ্রি.

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪-৭০(২৮)

**অনুলিপি :**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।

(১–৩) সদয় অবগতির জন্য।

৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।
৬. চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা

(৪–৬) অবগতি ও কার্যার্থে।

৭. অফিস নথি।

৩০.০৯.২০২৫
(মাহমুদা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।



CamScanner